World Parkinson's Education Progrm-এর উদ্দেশ্য হচ্ছে পারকিনসন'স রোগ সম্পর্কে জনগনের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা। এই প্রোগ্রামের সূচনা করেন কানাডিয়ান Neurologist Dr.Abdul Qayyum Rana এবং তিনি বিভিন্ন ভাষায় পারকিনসন'স রোগ সম্পর্কে শিক্ষামূলক তথ্য উদ্ভাবন করেন।

আরো বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইটে ভিজিট করুন।

**www.parkinsonseducation.org**

This information should not be used as a substitute for the medical care and advice of your physician

Copyright @ 2008
WORLD PARKINSON'S EDUCATION PROGRAM
Copying for the educational purposes is encouraged. It is not permitted to make changes to the written content of this document and author's information.

**A.Q.Rana, MD, FRCPC**
**Neurologist**
**Parkinson's Clinic of Eastern Toronto**
2863 Ellesmere Rd, Suite 404
Scarborough, Ontario, M1E 5E9, Canada
Phone: 416-724-9850

**www.parkinsonseducation.org**

Frequently Asked Questions About

# Parkinson's Disease (PD) Treatment

## পারকিনসন'স রোগ ও চিকিৎসা পদ্ধতি

**World Parkinson's Education Program**

PARKINSON'S

**Dr.Abdul Qayyum Rana, MD, FRCPC**
**Neurologist**
**Toronto, Canada**

**Bengali / বাংলা**
**2 ২**

*"Those who fight Parkinson's with knowledge always find solutions"*
*- Dr. Rana*

## পারকিনসন'স রোগের চিকিৎসা

### পারকিনসন'স রোগের চিকিৎসা পদ্ধতি

- দুঃখজনক যে, পারকিনসন'স রোগের নিরাময় নেই। কিন্তু বিভিন্ন পারিপার্শ্বিক চিকিৎসা পদ্ধতি সাধারণ চলাচলের জন্য যথেষ্ট সাহায্য করে। ঔষধের পাশাপাশি **Physiotherapy, speech therapy** পদ্ধতি বেশ সহায়ক।

### কি চিকিৎসা পদ্ধতি আপনার জন্য প্রযোজ্য?

- এই রোগের চিকিৎসা সবার জন্য এক রকম না। এই রোগের শুরুতে শরীরের কোন অংশ আক্রান্ত হয় এবং বয়সের ব্যাপারটা প্রধান্য।
- যারা কর্মজীবনে আছেন ঔষধের মাধ্যমে তাদের চিকিৎসা রোগের শুরুতেই শুরু করতে হবে এবং খুব তাড়াতাড়ি। অবসর প্রাপ্তদের বেলায় ব্যতিক্রম।
- সবসময় মনে রাখবেন ঔষধ একাই যথেষ্ট না। ঔষধ শুধু রোগের উপসর্গকে নিবারনে সাহায্য করবে। কিন্তু আপনাকে/রোগীকে তার সাধারন কাজকর্ম রীতিমত করতে হবে।
- পারকিনসন'স রোগের ঔষধের অনেক পার্শ্বপ্রতিক্রিয়া (**side effects**) আছে, যা সময়মত ডাঃ কে বলতে হবে। ঔষধ ও মাত্রা (**dose**) একমাত্র ডাঃ এর সাথে পরামর্শ করে ঠিক করতে হবে। নিজের ইচ্ছামত পরিবর্তন করা যাবে না।

**সাধারন ঔষধের তালিকা (ইহা সংক্ষিপ্ত ঔষধের তালিকা। কিন্তু আপনাকে আপনার নিউরোলজিষ্ট -এর পরামর্শ অনুযায়ী চিকিৎসা চালাতে হবে)**

### ঔষধের নাম/dose

**Amantadine Symmetrel® 100 mg -প্রত্যহ একবার করে।**
আস্তে আস্তে বৃদ্ধি করে **100 mg** দিনে তিন বার।
**পার্শ্ব প্রতিক্রিয়া/side effect:** পা ফুলা, অবাস্তব কিছু দেখা, যৌনশক্তি কমে যাওয়া, পা ও হাতে লাল দাগ।

**Anticholinergics-Trihexyphenidyl (Artane®)** শুরু **1 mg** ( মিঃ গ্রাম) প্রতিদিন। আস্তে আস্তে বৃদ্ধি করে ২ মিঃ গ্রাম, তিন বার দিনে। ৫ মিঃ গ্রাম তিন বার দিনে -এর উপরে যাওয়া যাবেনা।
পার্শ্ব প্রতিক্রিয়া ঃ মুখ শুকিয়ে যাওয়া, প্রস্রাব সমস্যা, মনে রাখতে না পারা,পায়খানা শক্ত হয়ে যাওয়া।

### MAOB inhibitors

**a.Rasagiline (Azilect®)**
০.৫ মিঃ গ্রাম প্রতিদিন, বৃদ্ধি করে ১ **mg** প্রতিদিন করা যেতে পারে।
পার্শ্ব প্রতিক্রিয়া- **Joint** সমস্যা, সর্দিকাশি।

**b.Selegiline (Eldepryl®)-**
শুধু ৫ মিঃ গ্রাম প্রতিদিন ১ বার এবং বৃদ্ধি: করে ৫ মিঃ গ্রাম ২ বার প্রতিদিন।
শেষ **dose** বিকালের শুরুতে । পার্শ্ব প্রতিক্রিয়া- অনিদ্রা (যদি দিনের শেষে সেবন করে।)

### Dopamine Agonists

**a.Pramipexole (Mirapex®)** শুরু ০.১২৫ মিঃ গ্রাম, তিন বার প্রতিদিন। প্রতি সপ্তাহে বাড়াইতে হবে। সর্বোচ্চ **dose**১.৫ মিঃ গ্রাম, তিনবার দিনে।
পার্শ্ব প্রতিক্রিয়া- হঠাৎ ঘুমিয়ে যাওয়া, মানসিক সমস্যা, খাওয়া, শপিং করা, যৌনশক্তি বেড়ে যাওয়া এবং পা ফুলা।

**b.Ropenirole(Retuip®)** শুরু ০.২৫**mg** প্রতিদিন, তিনবার। প্রতি সপ্তাহে বৃদ্ধি করে সর্বোচ্চ **dose** হবে ৮ মিঃ গ্রাম তিন বার। পার্শ্ব প্রতিক্রিয়া **Pramipexole** এর মত।



### Levodopa

**Levodopa/Carbidopa (Sinemet®)**
শুরু অর্ধেক টেঃ ১০০/২৫ টেঃ **dose-** প্রতিদিন ১ বার, বৃদ্ধি করে অর্ধেক টেঃ প্রতি ১-৩ দিন ১ টেঃ তিন বার প্রতিদিন। প্রতিদিনের **dose 300-2000** মিঃ গ্রাম প্রতিদিন তিন বারের অধিক।
পার্শ্ব প্রতিক্রিয়া ঃ ঘুমঘুম ও বমিভাব

**Levodopa/Carbidopa**
**Controlled Released (Sinemet CR®)**
১০০/২৫ টেঃ অথবা ২০০/৫০ টেঃ।
পার্শ্ব প্রতিক্রিয়া ঃ **Levodopa/Carbidopa**

**Levodopa/bensarazide (Prolopa®)**
শুরু - ৫০/১২.৫ ক্যাপসুল প্রত্যহ ১ বার, প্রতি ১-৩ দিনে বাড়িয়ে ১০০/২৫ ক্যাপসুল প্রত্যহ ৩ বার। প্রতিদিনের ডোজঃ ৩০০ **to** ২০০০ **mg** সমানেভাবে ভাগ করে প্রতিদিন ৩ -এর অধিকবার সেবন করতে হবে।
পার্শ্ব প্রতিক্রিয়া **Levodopa/Carbidopa** মত।

### COMT Iahititor

Entacapone (Comtan®)
শুরু ২০০ মিঃ গ্রাম বৃদ্ধি করে ১৬০০ মিঃ গ্রাম সর্বোচ্চ।
পার্শ্ব প্রতিক্রিয়া-প্রস্রাব কমলা রং, পাতলা পায়খানা।

### ঔষধ সেবন পদ্ধতি

-ঔষধ খেতে হবে ডাক্তারের পরামর্শমত নির্দিষ্ট dose এবং নির্দিষ্ট সময়ে।
- ঔষধ কাজ করছে কিনা এবং কি কি side effect/ পার্শ্ব প্রতিক্রিয়া হচ্ছে ডাক্তারকে রীতিমত বলতে হবে।
- একই pharmacy (ঔষধের দোকান) ব্যবহার করবেন। তাহলে তাদের কাছে রীতিমত ঔষধের রেকর্ড থাকবে।
- সবসময় পুরো এক গ্লাস পানি খাবেন যা ঔষধ খেতে এবং হজম হতে ভাল সাহায্য করবে।
- ঔষধ চিবাবেন না - গিলে ফেলবেন। তাতে ভাল ফল পাবেন।